

# বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি প্রফেসর ড. মোস্তাফিজ

অনলাইন ডেক্স

২৮ অক্টোবর,  
২০২৪ ১৮:৪০

শেয়ার

অ +

অ -



ড. জি. কে এম মোস্তাফিজুর রহমান। ছবি : সংগৃহীত

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরকৃবি) নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন মৃত্তিকাবিজ্ঞান বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মৃত্তিকাবিজ্ঞানী ড. জি. কে এম মোস্তাফিজুর রহমান। রবিবার

(২৭ সেপ্টেম্বর) রাষ্ট্রপতি ও চ্যান্সেলর অনুমোদিত ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব  
মো. শাহীনুর ইসলাম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

ড. মোস্তাফিজ গত ৩ সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ে জরুরি প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন করে আসছিলেন।

প্রফেসর রহমান ১৯৮৮ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি (এজি), ১৯৯৩  
সালে বাকুবির মৃত্তিকাবিজ্ঞান বিভাগ থেকে এমএসসি ডিপ্রিং অর্জন করেন।

পরবর্তীতে ২০০০ সালে জাপানের চিবা বিশ্ববিদ্যালয় থেকে তিনি ‘মৃত্তিকা দূষণ গবেষণা’ বিষয়ে পিএইচডি ডিপ্রিং লাভ  
করেন।

প্রফেসর ড. মোস্তাফিজুর রহমান ২০০৮ সালে বশেমুরকৃবিতে অধ্যাপক হন। তিনি ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্টসহ  
বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদে দায়িত্ব পালন করেছেন।

এর আগে তিনি ১৪ বছর বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউটে (বিনা) সিনিয়র বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে  
কর্মরত ছিলেন।

প্রফেসর ড. রহমানের ১০০-এর অধিক বৈজ্ঞানিক প্রকাশনা রয়েছে। এ পর্যন্ত ২৮ জনের অধিক পিএইচডি ও ৪৮ জন

এমএস ছাত্রের সুপারভাইজার হিসেবে কাজ করছেন তিনি।

প্রফেসর ড. মোস্তাফিজুর রহমান ময়মনসিংহ জেলায় এক সন্ত্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগতিক্রমে

তিনি এক পুত্র ও এক কন্যাসন্তানের জনক।